ফাতওয়া নাম্বার:৪৮৭ প্রকাশকালঃ২৬-০৮-২০২৪ ইং

কবর খননের সঠিক পদ্ধতি

প্রশ্ন:

কবর খননের সঠিক পদ্ধতি কী? নারী-পুরুষের কবরের মাঝে কি কোনো পার্থক্য আছে?

-আব্দুল্লাহ

উত্তর:

بسم الله الرحمن الرحيم

কবর কমপক্ষে মাঝারি পুরুষের অর্ধেক গভীর করবে। এক পুরুষ পরিমাণ গভীর করা উত্তম। দৈর্ঘ্য হবে মাইয়্যেত থেকে সামান্য বেশি, যাতে তাকে সুন্দর মতো কবরে রাখা যায়। প্রস্থ হবে তার অর্ধেক। এ নিয়ম নারী-পুরুষ উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য।

যে মাটিতে বোগলি (লাহাদ) ও সিন্দুক (শাক্ক) উভয় পদ্ধতির কবর খনন করা যায়, সেখানে বোগলি করা উত্তম। আর মাটি নরম হওয়ার কারণে বোগলি না করা গেলে সিন্দুক কবর করবে।

বোগলি (লাহাদ) কবর: নিয়ম মোতাবেক গভীরে ও দৈর্ঘ-প্রস্থে খননের পর কবরের সমতলে কিবলার দিকে এই পরিমাণ আরেকটি গর্ত করবে, যাতে সহজে মাইয়্যেতকে ডান কাতে কিবলামুখী করে শোয়ানো যায়। তারপর সেখানে মাইয়্যেত রেখে গর্তের মুখটি বাঁশ ইত্যাদি খাড়া করে দিয়ে বন্ধ করে দিবে। সর্বশেষ মাটি দিয়ে পুরো কবরটিই ভরাট কর ফেলবে।

সিন্দুক (শাক্ক) কবর: নিয়ম মোতাবেক গভীরে ও দৈর্ঘ্য-প্রস্থে খননের পর মাঝ বরাবর নিচের দিকে খালের মতো আরেকটি গর্ত করবে, যাতে সহজে মাইয়্যেতকে ডান কাতে কিবলামুখী করে শোয়ানো যায়।

মাইয়্যেতকে সে ছোট গর্তে রেখে, তার উপর বাঁশ ইত্যাদি দিয়ে ঢেকে দিবে, তারপর পুরো কবর মাটি দিয়ে ভরাট করে দিবে।

উল্লেখ্য, কবরে মাইয়্যেতের পুরো দেহ ডান কাতে কেবলামুখী করে শোয়াবে। শুধু চেহারা কেবলামুখী করে দেয়া যথেষ্ট নয়। -শারহু মুশকিলিল আসার: ৭/২৫৯-২৬০, ২৬৬; বাদায়েউস সানায়ে: ২/৬৩; আলবাহরুর রায়েক (যাকারিয়া): ২/৩৩৮; রদ্দুল মুহতার (এইচ এম সাঈদ): ২/২৪৩; ফতোয়া হিন্দিয়া (দারুল ফিকর):১/২২৬-২২৭

فقط. والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০১-০১-১৪৪৫ হি.

০৮-০৭-২০২৪ ঈ.